

আজ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ১৭তম বিশ্ববিদ্যালয় দিবস। দিবসটি উদযাপন উপলক্ষে দুই দিনব্যাপী নানা আয়োজনের প্রস্তুতি নেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কৃষিবিদ ড. মো. হুমায়ুন কবীর জানান, এই আয়োজনের প্রথম পর্ব আজ (সোমবার) ও দ্বিতীয় পর্ব আগামী ১১ মে (বুধবার) অনুষ্ঠিত হবে। আয়োজনের দ্বিতীয় পর্বে বিশ্ববিদ্যালয়টিতে আসছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনিসহ বিশিষ্টজনরা। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আরও জানান, আগামী ১১ মে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা দিবস এবং বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপনের জন্য শিক্ষামন্ত্রী দীপু মনি, ময়মনসিংহ-৭ আসনের সাংসদ মাওলানা মো. রুহুল আমীন মাদানী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাকসুদ কামাল এবং পরিকল্পনা কমিশনের সদস্য ড. কাউসার আহাম্মদ উপস্থিত থাকবেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৌমিত্র শেখরের সভাপতিত্বে দুপুরে আমন্ত্রিত বিশিষ্টজনদের নিয়ে আলোচনাসভা অনুষ্ঠিত হবে। সভায় বিশ্ববিদ্যালয়ে শিক্ষা, উন্নয়ন, গবেষণাসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হবে। উল্লেখ্য, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় রাজধানী ঢাকা থেকে ১০০ কিমি এবং ময়মনসিংহ জেলা শহর থেকে ২২ কিমি দূরে অবস্থিত বিদ্রোহী কবির স্মৃতিবিজড়িত ত্রিশাল উপজেলার নামাপাড়া বটতলায় অবস্থিত পাবলিক বিশ্ববিদ্যালয়। এটি ময়মনসিংহ বিভাগে প্রতিষ্ঠিত প্রথম সাধারণ বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়টি ২০০৬ সালের আজকের এই দিনে প্রতিষ্ঠিত। বিশ্ববিদ্যালয়টিতে বর্তমানে

ছয়টি

অনুষদভুক্ত ২৪টি বিভাগ, প্রায় ৮ হাজার ৩৪০ জন সাধারণ শিক্ষার্থী ও ৩৯ জন ডক্টরেট শিক্ষার্থী অধ্যয়নরত।

৫৭ একরে প্রতিষ্ঠিত নজরুল বিশ্ববিদ্যালয়ে অ্যাকাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য রয়েছে চারটি ভবন। ভবনগুলো হলো- কলা ভবন, বিজ্ঞান ভবন, সামাজিক বিজ্ঞান ভবন, ব্যবসায় প্রশাসন ভবন এবং পাঁচতলাবিশিষ্ট আধুনিক ও সুসজ্জিত কেন্দ্রীয় গ্রন্থাগার।

শিক্ষার্থীদের জন্য রয়েছে চারটি আবাসিক হল। ছাত্রদের জন্য অগ্নি-বীণা হল ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল এবং ছাত্রীদের জন্য দোলনচাঁপা হল ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল।

সাংস্কৃতিক মননে পরিচালিত এই বিশ্ববিদ্যালয়ে সারাবছরই উৎসবের আমেজ লেগে থাকে। প্রতিবছরই এখানে নজরুল জয়ন্তী, রবীন্দ্র জয়ন্তী ও বারামখানার উদ্যোগে লালন স্মরণোৎসব পালন করা হয়। মাসব্যাপী নাট্যোৎসব, চলচ্চিত্র উৎসব, পিঠা উৎসব, নজরুল বইমেলা, কুয়াশা উৎসব অন্যতম আকর্ষণীয় দিক। বিশেষত ভিন্ন আমেজের কুয়াশা উৎসব এখানকার অন্যতম জনপ্রিয় উৎসবে পরিণত হয়েছে।

বিশ্ববিদ্যালয়টিতে রয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ভাস্কর্য, নজরুল ভাস্কর্য এবং জয় বাংলা ভাস্কর্য।

বিশ্ববিদ্যালয়টির উল্লেখযোগ্য গবেষণার মধ্যে রয়েছে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের শিক্ষক ড. আশরাফ আলী সিদ্দিকীর নেতৃত্বে কক্সবাজারে উচ্চমাত্রার ইউরেনিয়ামের সন্ধান। নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ ষ

